গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.০৮৫.১৬-১৪৮১ (৩)

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

বিষয়ঃ ২০২০-২০২১ আর্থিক সালে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ হতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের (কোড নং-১৫৫) আওতায় ‘‘ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)’’ শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড-২২৪০৯৬১০০) অনুকূলে ১ম-২য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে এ দপ্তরের স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.০৮৫.১৬-৩৭৭ তারিখ ১৬/১১/২০২০খ্রিঃ এর দ্বারা জারিকৃত বরাদ্দপত্রটি বাতিল করতঃ বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২০-২০২১ আর্থিক সালে খরচ করার জন্য ১ম-২য় কিস্তি বাবদ মোট ৩৭০৪.৮৪ লক্ষ (সাঁইত্রিশ কোটি চার লক্ষ চুরাশি হাজার) টাকা মাত্র নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো :

| কোড/ খাতের বিবরণ | অর্থ বরাদ্দ (লক্ষ টাকা) | | | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|---|
| | আবর্তক | মূলধন | মোট | |
| ৪১১১২০১ অনাবাসিক ভবন | -- | ১৭০৭.৩৩ | ১৭০৭.৩৩ | ১১৮৯১৭-নগর গণপূর্ত বিভাগ, ঢাকা। |
| | -- | ১০০০.০০ | ১০০০.০০ | ১১৮৯২৬-গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা। |
| | -- | ১৯৬.৩৮ | ১৯৬.৩৮ | ১১৮৯৩৩-গণপূর্ত ই/এম কাঠের কারখানা বিভাগ, ঢাকা। |
| ৪১১২৩১৪ আসবাবপত্র | -- | ৮০১.১৩ | ৮০১.১৩ | |
| মোট : | -- | ৩৭০৪.৮৪ | ৩৭০৪.৮৪ | -- |

উক্ত খরচ উপ সচিব, পরিকল্পনা শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-২৯.০০.০০০০.২২৬.১৪.৬৯০.১৬-১৮৪ তারিখ: ২৫/০৫/২০২১ খ্রিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত এবং চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-/১২১৮ তারিখ ২৭/০৬/২০২১খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট মূলধন খাতে ন্যস্তকৃত ৩৭১৮.১৩ লক্ষ টাকা হতে ৩৭০৪.৮৪ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৫২, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাবের কোড নং-১৫৫০১-২২৪০৯৬১০০-৪১১১২০১, ৪১১২৩১৪ খাতদ্বয়ে চলতি ২০২০-২০২১ আর্থিক সালের এডিপি বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে। উল্লেখ্য, ১ম-২য় কিস্তিতে মূলধন খাতে মঞ্জুরিকৃত অর্থের অবশিষ্ট (৩৭১৮.১৩ লক্ষ – ৩৭০৪.৮৪ লক্ষ)=১৩.২৯ লক্ষ টাকা সমর্পণ করা হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে মঞ্জুরিপত্রে বর্ণিত শর্তসহ নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহ
- ক) উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুণর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।
- খ) এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- গ) ছাড়কৃত অর্থ অনুমোদিত আরডিপিপি’র অংগ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
- ঘ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত Delegation of Financial Power অনুসারে প্রকল্প পরিচালক আর্থিক ক্ষমতা প্রয়োগ করবে।
- ঙ) নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়ন করবেন। তিনি যাবতীয় রেকর্ড পত্র ও বিল ভাউচার সংরক্ষণ করবেন এবং অডিট এর জন্য দায়ী থাকবেন।
- চ) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের সকল ব্যয় (আবর্তক ও মূলধন) প্রকল্প পরিচালকের তত্ত্বাবধানে নিষ্পন্ন করতে হবে।
- ছ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
- জ) অর্থ ব্যয়/ এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকিবেন।
- ঝ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে দাখিল করতে হবে।
- ঞ) বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।

(মোঃ শহিদুল আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd

(১) নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।
(২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা।
(৩) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম কাঠের কারখানা বিভাগ, ঢাকা।

চলমান পাতা-২

স্মারক নং-২৫.৩৬.০০০০.২৩১.২০.০৮৫.১৬-১৪৮১/১(২১)

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)** :

১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।

৪। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৫। প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (প্রকল্প সার্কেল-২), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, ঢাকা/ গণপূর্ত ই-এম সার্কেল-১/ ৩, ঢাকা।

৮। উপ সচিব, পরিকল্পনা শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিষ্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১১। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১২। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা।

১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৪। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৫। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোঃ শহিদুল আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪
se_coord@pwd.gov.bd